

প্যারিসে উদীচীর বাংলা বর্ষবরণ উৎসব অনুষ্ঠিত



প্যারিসে অনুষ্ঠিত হলো বাংলা বর্ষবরণ অনুষ্ঠান। উদীচী ফ্রান্স শাখা আয়োজিত বর্ষবরণ উৎসবে দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। অনুষ্ঠানমালায় ছিল শিশু কিশোরদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও চিত্রনাট্য। মাস্ক দোর মোয়ার, ছে ড্যেনি দো লা শাপেল অডিটোরিয়ামে অনুষ্ঠিত উৎসবটি কয়েকহাজার বাংলাদেশী উপভোগ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফ্রান্সে বাংলাদেশের রাষ্ট্রদূত, প্রথম সচিব আনোয়ারুল হক মুকুলা। জনাব রাষ্ট্রদূত অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন। এ ছাড়াও উপস্থিত ছিলেন ইউকে উদীচীর সভাপতি ডাঃ রকিবুল ইসলাম জিন্নাহ, ইউকে সিপিবি সভাপতি ডঃ আহমেদ হাসান। সংগীতানুষ্ঠানে ফ্রান্স প্রবাসী শিল্পীদের পাশাপাশি ইউকের বিশিষ্ট সংগীত শিল্পীরাও অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটির সার্বিক উপস্থাপনায় ছিলেন কিরন ময় মন্ডল।

নিউজ

ওয়াসিম খান পলাশ

উৎসবের কিছু খন্ড চিত্র







